

(সংযুক্তি-১)

২০০৩-২০০৪ সালে এম.পি.ও ভূত্তির জন্য নির্বাচিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদণ্ডের কর্তৃক এম.পি.ও প্রণয়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশিকা।

- ১। জেলা শিক্ষা অফিসারের অংগীকৃত কাগজপত্র জমা দিতে হবে।
- ২। প্রতিষ্ঠানের স্বীকৃতিপত্র জমা দিতে হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটির সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৪। এম.পি.ও ভূত্তি সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের জি.ও জমা দিতে হবে।
- ৫। ১৫০ টাকার ননজুডিসিয়াল ট্যাম্পে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভার্ণিং বড়ির চেয়ারম্যান ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিষ্ঠানের অঙ্গীকারনামার মূল কপি জমা দিতে হবে (অঙ্গীকারনামার নমুনা নিম্নে দ্রষ্টব্য)।
- ৬। নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক কর্মচারীদের পূরণকৃত জরিপ ফরমে জেলা শিক্ষা অফিসারের প্রতিষ্ঠানের থাকতে হবে।
- ৭। প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের বিবরণী ব্যাংক একাউন্ট নম্বরসহ প্রতিষ্ঠান প্রধান, গভার্ণিং বড়ি/ম্যানেজিং কমিটির সভাপতি ও জেলা শিক্ষা অফিসারের প্রতিষ্ঠানের প্রধান সহ জমা দিতে হবে।
- ৮। স্কুল এবং কলেজের ক্ষেত্রে স্কুল শাখার শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও প্রিন্ট ও পূর্ণ বিবরণী জমা দিতে হবে।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও প্রণয়নের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্ধারিত নীতিমালা ও প্যাটার্ন অনুসরণ করতে হবে।
- ১০। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি পূর্ণ পৃষ্ঠাব্যাপী সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ১১। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে টেবুলেশন সীটে বাছাই কমিটির সুপারিশসহ কমিটির সদস্যগণের সীল মোহরসহ স্বাক্ষর থাকতে হবে।
- ১২। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটিতে বিধিমোতাবেক সরকারি প্রতিনিধি সংক্রান্ত সত্যায়িত কাগজপত্র জমা দিতে হবে।
- ১৩। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটির সুপারিশ ম্যানেজিং কমিটি/গভার্ণিং বড়ির সভায় অনুমোদনের রেজুলেশন জমা দিতে হবে।
- ১৪। বি.এস.সি (অংক), বায়োলজি/কৃষি শিক্ষক ও প্রদর্শক নিয়োগের ক্ষেত্রে স্নাতক পর্যায়ের পাশের নম্বরপত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানে অন্য কোন বি.এস.সি শিক্ষক কর্মরত (এম.পি.ও ভূত্তি) থাকলে তারও ডিগ্রি পর্যায়ের নম্বর পত্র জামা দিতে হবে।
- ১৫। কৃষি শিক্ষক এম.পি.ও ভূত্তির ক্ষেত্রে কৃষি শাখায় অব্যয়নরত ছাত্র-ছাত্রী সম্পর্কে জেলা শিক্ষা অফিসার কর্তৃক পরিদর্শন প্রতিবেদন/বোর্ড কর্তৃক কৃষি বিষয় খোলার অনুমতিপত্র জমা দিতে হবে।
- ১৬। কম্পিউটার শিক্ষক এম.পি.ও ভূত্তির ক্ষেত্রে নির্ধারিত শিক্ষা বোর্ড কর্তৃক কম্পিউটার বিষয়ের অনুমোদনপত্রসহ নট্রামস বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র জমা দিতে হবে।
- ১৭। শিক্ষক/কর্মচারীদের এম.পি.ও ভূত্তির ক্ষেত্রে সকল কাগজপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি/রেজুলেশন/ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

অঙ্গীকার পত্র (নমুনা)

আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান সংক্রান্ত দাখিলকৃত যে সকল কাগজপত্র/তথ্য দেওয়া আছে তাহা সঠিক ও সত্য। এই তথ্যসমূহের মধ্যে কোনটি অসত্য প্রমাণে প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীগণের অনুদান সরকার বক্স করিলে আমরা কোন আপত্তি উত্থাপন করিতে পরিব না। সেইরূপ কোন আপত্তি করিলে তাহা আইনত অস্থায় হইবে।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

স্বাক্ষর ও সীল
সভাপতি, ব্যবস্থাপনা কমিটি